অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2022 **গভর্নর ক্যাথি হোকল**

দ্বিতীয় এভিনিউ সাবওয়ের 2য় পর্যায়ের কাজ এগিয়ে চলছে বলে গভর্নর হোকল ও MTA-এর ঘোষণা

125 স্ট্রিটে সাবওয়ে সম্প্রসারণের 2য় পর্যায়ের জন্য অনুদানপ্রাপ্তির অনুরোধ প্রকৌশল স্তরে অগ্রসর হয়েছে

এই সম্প্রসারণের মধ্যে মেট্রো-নর্থ এর সাথে সংযোগ সহ 106 স্ট্রিট, 116 স্ট্রিট ও 125 স্ট্রিটে তিনটি সাবওয়ে স্টেশন অন্তর্ভুক্ত থাকবে

গভর্নর ক্যাথি হোকল ও মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority) আজ ঘোষণা করেছে যে দ্বিতীয় এভিনিউ সাবওয়ে সম্প্রসারণ (Second Avenue Subway expansion) প্রকল্প যা দ্বিতীয় এভিনিউ লাইনকে পূর্ব হার্লেমের 125 স্ট্রিট পর্যন্ত সম্প্রসারণ করবে, সেটি প্রকল্পের সময়কাল অনুযায়ী প্রকৌশল স্তরে অগ্রসর হয়েছে। নভেম্বর মাসে প্রেসিডেন্ট বাইডেনের স্বাক্ষরিত অবকাঠামোতে বিনিয়োগ ও কর্মসংস্থান আইন ট্রানজিট সম্প্রসারণের জন্য 23 বিলিয়ন ডলারের নতুন অনুদানপ্রাপ্তির সুযোগ করে দিয়েছে, যা একটি ঐতিহাসিক মাত্রার অনুদান যেটি দ্বিতীয় এভিনিউ সাবওয়ের 2য় পর্যায়ের (SAS2) মতো বড় ধরনের প্রকল্পগুলোর জন্য লভ্য অনুদানের পরিমাণ দ্বিগুণ করে দিয়েছে।

সম্প্রসারণের 2য় পর্যায়কে সামনে এগিয়ে নিতে এবং এটিকে অনুদানপ্রাপ্তির জন্য উপযুক্ত থাকার অনুমতি দেয়ার জন্য MTA যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ (Department of Transportation)-এর কাছে একটি অনুরোধ জমা দিয়েছে। 2য় পর্যায়ের মধ্যে পূর্ব হার্লেমে 106 স্ট্রিট, 116 স্ট্রিট ও 125 স্ট্রিটে তিনটি নতুন সাবওয়ে স্টেশন নির্মাণ অন্তর্ভুক্ত থাকবে। ফেডারেল ট্রানজিট অ্যাডমিনিস্ট্রেশন (Federal Transit Administration) SAS2-কে অনুদান প্রক্রিয়ার প্রকৌশল স্তরে এগিয়ে নিয়ে গেছে, যা এই প্রকল্পকে বাস্তবরূপ নেয়ার এক ধাপ নিকটবর্তী করেছে এবং প্রাথমিক পর্যায়ের কাজগুলো সামনে এগিয়ে নেয়ার সুযোগ করে দিয়েছে।

"আজ বিকেলের কিছু আগে আমি সেক্রেটারি বাটিগিয়েগ এর সঙ্গে কথা বলেছি যিনি আমাকে এই চমৎকার আনন্দের সংবাদটি জানিয়েছেন যে যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ দ্বিতীয় এভিনিউ সাবওয়ে সম্প্রসারণ প্রকল্পের 2য় পর্যায় সামনে এগিয়ে নেয়ার একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করছে, যা পূর্ব হার্লেমের জনসাধারণের জন্য ট্রানজিট সমতা ও অর্থনৈতিক সুযোগ সম্প্রসারণের অসাধারণ সম্ভাবনাকে উন্মোচিত করবে," **বলেছেন গভর্নর হোকল।** "এটি আমাদেরকে এই চরম গুরুত্বপূর্ণ প্রকল্পটির সম্পূর্ণ তহবিলপ্রাপ্তি এবং নির্মাণকাজ শুরু করার

আগের শেষ দিকের কার্যক্রমের দিকে এগিয়ে নিয়েছে। গত মাসে আমি MTA-এর নেতৃবৃন্দ ও নির্বাচিত কর্মকর্তাদের সঙ্গে সম্প্রসারণ কাজের সাইট পরিদর্শন করে এই উদ্দীপনাপূর্ণ প্রকল্পের পুরোদস্তর বিশালতা সরাসরি দেখেছি। সেসময়ে আমরা পূর্ব হার্লেমের জনসাধারণের কাছে সুস্পষ্ট অঙ্গীকার করেছি যে আমরা এই প্রকল্পকে দ্রুত সামনে এগিয়ে নিতে থাকবো, এবং এখন আমরা এতো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর জন্য সে ভিশনটিকে সত্যিকার অর্থে বাস্তবে রূপ দেয়ার প্রথম পদক্ষেপ দেখতে পাচ্ছি। আমি সেক্রেটারি বাটিগিয়েগ, আমাদের কংগ্রেসের নেতৃবৃন্দ, এবং MTA-কে এই প্রকল্পের জন্য তাদের নিরলস সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই, এবং আমি ট্রেন চলাচল শুরু করার প্রতীক্ষায় রয়েছি।"

ইস্ট হারলেমের প্রায় 70 শতাংশ বাসিন্দারা কর্মস্থলে যাওয়ার জন্য গণ পরিবহন ব্যবহার করেন, যা শহরব্যাপী গড় 55 শতাংশের চেয়ে অনেক বেশি। দ্বিতীয় এভিনিউ সাবওয়ের সম্প্রসারণ বাইডেন প্রশাসন ও নিউ ইয়র্ক স্টেটের পরিবহন সমতার লক্ষ্যকে এগিয়ে নিতে সাহায্য করবে এবং স্থানীয় কমিউনিটির জন্য কর্মসংস্থান, স্বাস্থ্যসেবা, ও অন্যান্য পরিষেবার অ্যাক্সেস উন্নত করবে, এবং একই সময়ে সড়কগুলো ও লেক্সিংটন এভিনিউ সাবওয়ে লাইন উভয় জায়গায় জ্যাম কমিয়ে দিবে এবং বায়ুর মান উন্নত করবে।

MTA-এর ভারপ্রাপ্ত সভাপতি ও CEO জ্যানো লিয়েবের বলেন, "পূর্ব হার্লেম কমিউনিটি কয়েক দশক ধরে দ্বিতীয় এভিনিউ সাবওয়ের জন্য অপেক্ষায় রয়েছে। 2য় পর্যায় এমন একটি এলাকায় সেবা প্রদান করবে যেখানে দেশের অন্যতম সর্বাধিক সাশ্রয়ী আবাসনের ঘনত্ব বিদ্যমান এবং সেখানে 70 শতাংশ অধিবাসী কর্মস্থলে যাওয়ার জন্য গণপরিবহন ব্যবহার করে থাকেন। এই নতুন সম্প্রসারিত লাইন 1ম পর্যায়ের সফলতার সঙ্গে যোগ হবে এবং দ্বিতীয় এভিনিউ সাবওয়ের মোট যাত্রী সংখ্যা 300,000-এ উন্নীত করবে, যা সমগ্র ফিলাডেলফিয়া রেল ব্যবস্থার সমতুল্য। প্রকল্পটি পরবর্তী স্তরে এগিয়ে নেয়ায় FTA-কে অনেক ধন্যবাদ। আমার টিম কাজে নামার জন্য প্রস্তুত আছে।"

এই প্রকল্পের 1ম পর্যায় Q লাইনকে 63তম স্ট্রিট থেকে 96তম স্ট্রিট পর্যন্ত সম্প্রসারণ করেছে এবং সেটি ছিল 50 বছরের মধ্যে নিউ ইয়র্ক সিটির সাবওয়ে সিস্টেমের সর্ববৃহৎ সম্প্রসারণ। 1 জানুয়ারী, 2017-এ পরিষেবা চালু হয়েছিল, 72তম স্ট্রিট এবং 86তম স্ট্রিটে অতিরিক্ত স্টেশনগুলির সাথে। এর সমাপ্তির পর থেকে, সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ে 130 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করেছে এবং প্রাক-মহামারীর দিনে 200,000 এরও বেশি যাত্রী বহন করেছে। 2য় পর্যায়ের জন্য ব্যবহৃত হতে যাওয়া টানেলের একটি অংশ 1970 এর দশকে সেকেন্ড এভিনিউ বরাবর 110 স্ট্রিট থেকে 120 স্ট্রিট পর্যন্ত নির্মিত হয়েছিল।

দ্রুত জেনে নেয়ার মতো কিছু তথ্য

- প্রকল্পের এই ধাপটি 96 তম স্ট্রিট উত্তর থেকে 125 তম স্ট্রিট পর্যন্ত ট্রেন পরিষেবা প্রসারিত করবে, প্রায় 1.5 মাইল৷
- 106তম স্ট্রিট এবং 116তম স্ট্রিট সেকেন্ড অ্যাভিনিউ এবং 125তম স্ট্রিটে পার্ক অ্যাভিনিউতে নতুন স্টেশনগুলি থাকবে৷

- ফেজ 2 লেক্সিংটন অ্যাভিনিউ (4/5/6) পাতাল রেল লাইনে সরাসরি যাত্রী সংযোগ প্রদান করবে 125তম স্ট্রিটে এবং পার্ক অ্যাভেনিউতে একটি প্রবেশদ্বার যাতে মেট্রো-নর্থ রেলরোড 125 স্ট্রিট স্টেশনে সুবিধাজনক স্থানান্তর করা যায়।
- প্রতিটি স্টেশনে মাটির উপরে আনুষঙ্গিক ভবন থাকবে যেখানে বায়ুচলাচলের যান্ত্রিক এবং বৈদ্যুতিক সরঞ্জাম থাকবে। এর মধ্যে সম্ভাব্য গ্রাউন্ড-ফ্লোর খুচরো দোকানের জন্য স্থান অন্তর্ভুক্ত করা হবে।
- সম্প্রসারণ অতিরিক্ত 100,000 দৈনিক চড়নদারদের পরিবেশন করবে।
- তিনটি নতুন ADA অ্যাক্সেসযোগ্য স্টেশন প্রদান করবে – যা গ্রাহকের আরাম এবং সুবিধার জন্য মান বাড়ায়।
- 125তম সেন্ট স্টেশনে মাল্টিমোডাল ট্রানজিট কানেক্টিভিটি - 4/5/6, মেট্রো-নর্থ ট্রেন এবং M60 সিলেক্ট বাস সার্ভিসের সাথে লাগার্ডিয়া বিমানবন্দরের সংযোগ সহ, অন্যান্য সাবওয়ে এবং যাত্রীবাহী রেল লাইনে সুবিধাজনক স্থানান্তর করতে দেয়, যা মসৃণ, দ্রুত পরিবহণ সুবিধা প্রদান করে শহর এবং অঞ্চল জুড়ে।

যুক্তরাষ্ট্রের সিনেটর চাক স্কুমার বলেন, "দ্বিতীয় এভিনিউ সাবওয়ের দ্বিতীয় পর্যায়ের প্রকল্পটি প্রকল্পের প্রকৌশল পর্যায়ে এগিয়ে যাওয়াটা পূর্ব হার্লেম ও সমগ্র নিউ ইয়র্ক সিটির লোকজনের জন্য একটি চমৎকার সংবাদ। দীর্ঘ সময় ধরে কল্পনায় থাকা, কিন্তু অনেক বেশি বিলম্বিত হয়ে যাওয়া এই প্রকল্প এখন পূর্ণ গতিতে এগিয়ে যাচ্ছে। বাইপার্টিজান অবকাঠামো ও কর্মসংস্থান আইনে গণপরিবহন সংক্রান্ত বৃহৎ প্রকল্পগুলোর জন্য 23 বিলিয়ন ডলারের ঐতিহাসিক অনুদান তহবিল লাভ করতে পেরে আমি আনন্দিত হয়েছিলাম, এবং এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পটি যাতে এটির ন্যায্য অংশ পায় তা নিশ্চিত করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

যুক্তরাষ্ট্রের সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন, "এই ফেডারেল বিনিয়োগ পূর্ব হার্লেমের বাসিন্দাদের জীবনে একটি সত্যিকারের পার্থক্য তৈরি করবে, এবং দ্বিতীয় এভিনিউ সাবওয়ে প্রকল্পের 2য় পর্যায় অনুদান প্রক্রিয়ায় সামনের দিকে অগ্রসর হয়েছে দেখে আমি অত্যন্ত আনন্দিত। দ্বিতীয় এভিনিউ সাবওয়ে লাইন সম্প্রসারণ যাতায়াতের সময় সহজতর করবে, জ্যাম কমাবে, স্থানীয় কর্মসংস্থান তৈরি করবে, এবং সিটির বাকি অংশের সঙ্গে এই কমিউনিটিকে আরো বেশি সাবলীলভাবে সংযুক্ত করবে। এই প্রকল্পের মতো প্রকল্পগুলোকে সম্ভব করার জন্য তহবিল প্রদানকারী অবকাঠামোতে বিনিয়োগ ও কর্মসংস্থান আইন পাশ করার জন্য কাজ করতে পেরেছি বলে আমি গর্বিত এবং নিউ ইয়র্কের গণপরিবহন যাত্রীদের জন্য সংস্থানের ব্যবস্থা করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ জেরোল্ড ন্যাডলার বলেন, "এটি নিউ ইয়র্ক সিটির সাবওয়ে রাইডারদের জন্য একটি চমৎকার সংবাদ। পূর্ব হার্লেমে 2য় এভিনিউ সাবওয়ে লাইন 125 স্ট্রিট পর্যন্ত সম্প্রসারিত হওয়াটা সম্প্রসারিত সাবওয়ে পরিষেবার অনেক বেশি প্রয়োজন থাকা কমিউনিটিগুলোকে সেবা প্রদান করবে এবং লেক্সিংটন এভিনিউ লাইনে ভীড় ও জ্যাম কমিয়ে আনবে। আমি রোমাঞ্চিত যে এই প্রকল্পটি সামনে এগিয়ে যাচ্ছে এবং সম্প্রসারণের এই পর্যায়টিকে সম্ভব করে তোলা অবকাঠামোতে বিনিয়োগ ও কর্মসংস্থান আইনটি সমর্থন করেছি বলে আমি বিশেষভাবে গর্বিত। এই প্রকল্পে গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য আমি তাকে

ধন্যবাদ জানাতে চাই এবং নিউ ইয়র্ক সিটির অবকাঠামো উন্নয়নের জন্য আমি তার সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

রিপ্রেজেন্টেটিভ ক্যারোলিন ম্যালোনি বলেন, "আমি রোমাঞ্চিত যে সেক্রেটারি বাটিগিয়েগ ও FTA এই প্রকল্পটি প্রকৌশল স্তরে নিয়ে যেতে সাহায্য করার মাধ্যমে 2য় এভিনিউ সাবওয়ে সম্প্রসারণকে অগ্রাধিকার প্রদান করছে এবং প্রকল্পটিকে ফেডারেল তহবিলের জন্য অনুমোদন পাওয়ার দিকে একধাপ এগিয়ে নিয়েছে। কোভিড-19 সংকট থেকে সেরে উঠে পুনর্নির্মাণের এই সময়ে Q ট্রেনকে 125 স্ট্রিটে নিয়ে আসা আমাদের সিটির জন্য যুগান্তকারী একটি ব্যাপার হবে, এবং এটি পূর্ব হারলেমকে মিডটাউন, লোয়ার ম্যানহাটন, ও ব্রুকলিনের সঙ্গে সংযুক্ত করার মাধ্যমে পরিবহনের শূন্যতা কমাতে সাহায্য করবে। এটি লেক্সিংটন এভিনিউ লাইনের বিপজ্জনক ভীড় কমিয়ে আনবে এবং একই সময়ে পূর্ব পাশে আরেকটি লাইন তৈরির ব্যাপারে আমাদের জনসাধারণের প্রতি সিটির শতাব্দীর পুরোনো অঙ্গীকার পূরণ করবে। 1ম পর্যায়ের নির্মাণকাজের নেতৃত্ব দিতে পেরে আমি গর্বিত এবং এই গুরুত্বপূর্ণ প্রকল্প সম্পন্ন করায় তাদের অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকল, সেক্রেটারি বাটিগিয়েগ, কংগ্রেস সদস্য এসপেইলাট, এবং MTA-এর CEO ও ভারপ্রাপ্ত সভাপতি জ্যানো লিয়েবেরকে ধন্যবাদ জানাই।"

প্রতিনিধি অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন, "অর্থনৈতিক পুনরুদ্ধারের লক্ষ্যে কাজ করে যাওয়া এবং মহামারীর সময়ে খারাপ অবস্থার দিকে চলে যাওয়া অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলোর সম্মুখীন হওয়া অসমতা মোকাবেলার পাশাপাশি নিউ ইয়র্ক সিটির পুনর্নির্মাণ অব্যাহত রাখার এই সময়ে, পরিবহন সমতা উন্নয়নের জন্য বিনিয়োগ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দ্বিতীয় এভিনিউ সাবওয়ে সম্প্রসারণ শুরুর জন্য আজকের ঘোষণাটি নিউ ইয়র্ক স্টেটব্যাপী এবং বিশেষ করে নিউ ইয়র্ক সিটি ব্যাপী আলোড়ন-সৃষ্টিকারী প্রভাব ফেলবে। এই অঞ্চলে পরিষেবা ও নির্ভরযোগ্য পরিবহন সফলভাবে সম্প্রসারণ করাটা পূর্ব হার্লেমের 100,000 এরও বেশি অধিবাসীর জীবিকায় সহায়তা করবে যারা বর্তমানে গণপরিবহনের অভাবে কর্মসংস্থানের সুযোগ, শিক্ষাগত অগ্রগতি, এবং হাসপাতাল ও মেডিকেল সেবার অ্যাক্সেস অর্জনের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন - এবং চূড়ান্ত পর্যায়ে গিয়ে আমাদের আশেপাশের এলাকার অবকাঠামোর পুনর্গঠন করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন